



ঢাকা বিশ্ববিদ্যালয়

পুনঃ বিজ্ঞপ্তি

পদার্থ বিজ্ঞানে রাজ্জাক শামসুন নাহার গবেষণা পুরস্কার, ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১


"Razzaq-Shamsun Nahar Lifetime Achievement Award in Physics, 2017 to 2021"

উপর্যুক্ত বিষয়ে অত্র অফিসের ২৯/১০/২০২৫ খ্রিস্টাব্দ (১৩/৭/১৪৩২ বঙ্গাব্দ) তারিখের স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৪/২৫/৩২১০৬-সি সংখ্যক বিজ্ঞপ্তির ক্রমধারায় সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিডিকেট ১০/০৮/২০১১ কর্তৃক অনুমোদিত উপর্যুক্ত ট্রাস্ট ফান্ডের ট্রাস্টি বোর্ডের (২৬/০৭/২০১১) সভার সুপারিশ অনুযায়ী পদার্থ বিজ্ঞান বিষয়ে মৌলিক গবেষণা কর্মের উপর নগদ ২০,০০০/= (বিশ হাজার) টাকা হারে প্রতি বছরে নগদ পুরস্কারের জন্য গবেষকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে (উপরোক্ত পুরস্কারের জন্য উল্লিখিত বছরে জানুয়ারি হতে ডিসেম্বরের মধ্যে প্রকাশিত গবেষণা কর্ম সংশ্লিষ্ট সনের পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে)। যৌথ গবেষণা কর্মের ক্ষেত্রে গবেষণা পুরস্কারের অর্থ সমান হারে বন্টন করা হবে এবং এক্ষেত্রে সহযোগী গবেষক/গবেষকগণের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। আবেদনকারী যে বছরের জন্য দরখাস্ত করবেন পাবলিকেশন ঐ বছরের জন্য হতে হবে। একই পাবলিকেশন দিয়ে পরবর্তী বছরের জন্য আবেদন করা যাবে না। কোন কারণে একজন প্রার্থী পুরস্কারের জন্য আবেদন করলে (প্রার্থী স্বল্পতা বিবেচনা করে) তাঁর আবেদন বিবেচনা করা হবে। তবে পরীক্ষক যদি তাঁর গবেষণা কর্ম পুরস্কারের জন্য সুপারিশ করেন তবে তাঁকে পুরস্কারের বিষয় বিবেচনা করা হবে অন্যথায় নয়। পদার্থ বিজ্ঞানে রাজ্জাক শামসুন নাহার গবেষণা পুরস্কার একবার প্রাপ্ত গবেষকও পরবর্তী সময়ে আবেদন করতে পারবেন। তবে নতুন গবেষককে অগ্রাধিকার দেওয়া হবে। যদি মানসম্মত গবেষণা কর্ম না পাওয়া যায়, সেক্ষেত্রে পূর্বের পুরস্কারপ্রাপ্ত গবেষকের নতুন গবেষণা কর্ম পুরস্কারের জন্য পরীক্ষকের সুপারিশের ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে।

পদার্থ বিজ্ঞান বিষয়ে একজন প্রখ্যাত বিজ্ঞানী/গবেষককে পদার্থ বিজ্ঞান বিষয়ে তাঁর আজীবন অবদানের স্বীকৃতিস্বরূপ নগদ ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা মূল্যের একটি "Razzaq-Shamsun Nahar Lifetime Achievement Award in Physics, 2017 to 2021" মঞ্জুর করার উদ্দেশ্যে মনোনয়নপত্র আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে একজন পদার্থ বিজ্ঞানের অধ্যাপক অথবা কোন গবেষণা প্রতিষ্ঠানে অধ্যাপক পর্যায়ে কোন পদার্থ বিজ্ঞানী এই Award-এর জন্য মনোনয়ন দিতে পারবেন। মনোনীত প্রার্থীর মনোনয়নের বিষয়ে একজন সমর্থক কর্তৃক তা সমর্থিত হতে হবে। যে প্রার্থীর অনুকূলে মনোনয়ন/সমর্থন দেওয়া হবে তাঁর স্বপক্ষে মনোনয়নের যৌক্তিকতা উল্লেখ করতে হবে।

২০১৭ সন হতে ২০২১ সন পর্যন্ত পদার্থ বিজ্ঞানে রাজ্জাক শামসুন নাহার গবেষণা পুরস্কার এবং "Razzaq-Shamsun Nahar Lifetime Achievement Award in Physics, 2017 to 2021" পুরস্কারের জন্য আগ্রহী প্রার্থীগণ তাঁদের তিন কপি আবেদনপত্র, তিন প্রস্থ জীবন পঞ্জী, তিন প্রস্থ গবেষণা কর্ম যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এর জন্য তিন কপি মনোনয়নপত্র ও সমর্থন পত্রের সাথে তিন কপি করে পূর্ণ জীবন বৃত্তান্ত গবেষণা কর্মের তিন প্রস্থ কপি ইত্যাদিসহ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রো-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবরে আগামী ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০


(মুনসী শামস উদ্দিন আহম্মদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়